

নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এস এম আই এস ডিভিশন-২, ঢাকা।			
ডায়েরী নং	তারিখ	প্রকল্পের নাম	
৫২	০৩/১২/২৩	গণপূর্ত	
অ. নং:	স. নং:	উ. বি. নং:	নি. প্র.:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
হিসাব শাখা-১
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
www.pwd.gov.bd



স্মারক নম্বর: ২৫.৩৬.০০০০.২৩১.২০.০১২.২৩.১০৫৩

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪৩০

১২ ডিসেম্বর ২০২৩

বিষয়: ২০২৩-২০২৪ আর্থিক সালে “Construction of Planetarium Block, Office and 3020 sqm Dormitory including Land Development works at Bangabandhu Sheikh Mujibur Rahman Novo Theatre, Rangpur (Civil Sanitary and Electrical works) কাজের জন্য চেকের মাধ্যমে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজের জন্য প্রকল্প পরিচালক (উপসচিব), “বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নভোথিয়েটার, রংপুর স্থাপন” শীর্ষক প্রকল্প, বিজয় স্বরনি, তেজগাঁও, ঢাকার স্মারক নং-১৭৭/১ তারিখঃ-২৬/১১/২০২৩ খ্রিঃ এর দ্বারা প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট চেকের মাধ্যমে ন্যস্তকৃত ৬০০.০০ লক্ষ (ছয় কোটি) টাকার ১টি চেক যার নম্বর সিজি-১০০-১২০৮০১৩ তারিখঃ-০২/১২/২০২৩ খ্রিঃ সোনালী ব্যাংক লিমিটেড, আওলাদ হোসেন মার্কেট শাখা, ঢাকা হতে উত্তোলন করার জন্য প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক পৃষ্ঠাংকন পূর্বক নিম্নবর্ণিত হারে খরচ করার জন্য প্রেরণ করা হল।

ক্র/নং	প্যাকেজ নং	কাজের নাম	অর্থনৈতিক কোড	বিস্তারিত বিষয়	টাকার পরিমাণ
০১	WD-2	Construction of Planetarium Block.	৪১১১২০১	অনাবাসিক ভবন	৬০০.০০ লক্ষ
	WD-4	Construction of office Block.			

উক্ত চেকের অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার ও আনুষ্ঠানিকতা পর্যবেক্ষণ/পালন পূর্বক নিম্নোক্ত শর্ত অনুসরণ করে খরচ করতে হবে। চেক প্রাপ্তির স্বীকৃতি, পত্র প্রাপ্তির ০৭(সাত) দিনের মধ্যে এ দপ্তরে দাখিল করতে হবে।

শর্তসমূহ

- প্রত্যর্শি সংস্থার সহিত যোগাযোগ করে অনুমোদিত প্রাক্কলন মোতাবেক কাজ সম্পাদন করতে হবে।
- কাজ যথাযথভাবে সম্পাদন করা হয়েছে মর্মে প্রত্যর্শি সংস্থার নিকট হতে প্রত্যয়ন পত্র প্রাপ্তির পর চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম উদ্ঘাটিত হলে বিল পরিশোধকারী দায়ী থাকবে।
- বরাদ্দকৃত অর্থ ব্যয়ের হিসাব এ দপ্তরে/প্রত্যর্শি সংস্থার নিকট প্রেরণ করতে হবে।